প্রথম আলো

2 AUG 2017

# সভাপতি ছাড়াই শিক্ষক সমিতির বিবৃতি

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক ●

**ঢাকা বিশ্ববিদ্যালয়**

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেটে উপাচার্য প্যানেল নির্বাচনের দিন ছাত্র-শিক্ষক হাতাহাতির ঘটনায় বিবৃতি দিয়েছে শিক্ষক সমিতি। সভাপতির স্বাক্ষর ছাড়াই পাঠানো এই বিবৃতিতে বিশ্ববিদ্যালয়ের বর্তমান প্রশাসনের নেতৃত্বের প্রশংসা করে ওই ঘটনার নিন্দা জানানো হয়।

গতকাল মঙ্গলবার পাঠানো ওই বিবৃতিতে সই করেছেন শিক্ষক সমিতির সহসভাপতি অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলাম ও সাধারণ সম্পাদক অধ্যাপক মো. রহমত উল্লাহ। সমিতির সভাপতি অধ্যাপক এ এস এম মাকসুদ কামাল বর্তমান উপাচার্যের বিরোধী হিসেবে পরিচিত।

বিবৃতিতে বলা হয়, 'গত আট বছর ধরে বর্তমান প্রশাসনের নেতৃত্বে ঢাকা বিশ্ববিদ্যালয় যে সুন্দরভাবে পরিচালিত হয়েছে তা বিনষ্ট করাই এ ধরনের ঘটনার উদ্দেশ্য। আমরা সংশ্লিষ্ট সব মহলকে দায়িত্বশীল এবং সবার প্রতি সংবেদনশীল হতে উদাত্ত আহ্বান জানাচ্ছি।'

শনিবার সিনেটে শিক্ষক প্রতিনিধি নির্বাচনের দিন ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) নির্বাচনের দাবিতে কিছু শিক্ষার্থী সিনেট ভবনের সামনে মানববন্ধন করতে গেলে এক দল শিক্ষক-কর্মকর্তার বাধার মুখে পড়েন। ভবনের ফটক ভেঙে ভেতরে ঢুকলে ওই শিক্ষক ও কর্মকর্তাদের সঙ্গে হাতাহাতি হয়।

মাকসুদ কামাল *প্রথম আলোকে* বলেন, 'এই বিবৃতি সম্পর্কে আমি কিছু জানি না।' এদিকে গতকাল ডাকসু নির্বাচনের দাবিতে বিশ্ববিদ্যালয়ে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে বাংলাদেশ ছাত্র ইউনিয়নের ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা।